ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৭৮৯
শান্তিরবাজার, ৯ সেপ্টেম্বর, ২০২৫

**শান্তিরবাজারে ২১ সেপ্টেম্বর আগমনী উৎসব**

আসন্ন শারদোৎসব উপলক্ষ্যে আগামী ২১ সেপ্টেম্বর শান্তিরবাজার মুকুট অডিটোরিয়ামে আগমনী উৎসব উদযাপন করা হবে। একই সাথে ২২-২৩ সেপ্টেম্বর মুকুট অডিটোরিয়াম প্রাঙ্গণে অনুষ্ঠিত হবে ফুড ফেস্টিভাল। এ উপলক্ষ্যে মুকুট অডিটোরিয়ামে তথ্য ও সংস্কৃতি দপ্তর ৩ দিনব্যাপী সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করবে। উৎসবকে সফল করার জন্য আজ শান্তিরবাজার পুর পরিষদ কার্যালয়ে এক প্রস্তুতিসভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন পুর পরিষদের চেয়ারপার্সন স্বপ্না বৈদ্য। সভায় উপস্থিত ছিলেন পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন সত্যব্রত সাহা, মহকুমা শাসক মনোজ কুমার সাহা, তথ্য ও সংস্কৃতি দপ্তরের আইসিও অনুপম পাল। এছাড়াও প্রস্তুতি সভায় পুর পরিষদের বিভিন্ন ওয়ার্ডের কাউন্সিলারগণ, বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন। সভায় আগমনী ও ফুড ফেস্টিভাল আয়োজন নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

******